



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত -১৯৮৪

www.boesl.gov.bd



বিজ্ঞপ্তি নং- ৪৯.০২.০০০০.০০০.১৫.০০১.২১/

তারিখ: ০৩.০৬.২০২৬ খ্রি.

সরকারিভাবে জর্ডানের **Atateks Garments** গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক মূল বেতন
০১.	মেশিন অপারেটর	৫০ জন	১৩০ জর্ডানি ডিনার এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)

### চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম (জর্ডান শ্রম আইন অনুযায়ী);
- (২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য);
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা হবে;
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে;
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলে গণ্য হবেন;
- (৬) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে;
- (৭) বয়স ২০-৩৫ বছরের মধ্যে থাকতে হবে।

### বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বর্হিঃগমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে মেডিকেল ফি বাবদ ১,০০০ টাকা, পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা ও ফিঞ্জার প্রিন্ট ফি ২০০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে। ভিসাপ্রাপ্ত কর্মীদের উক্ত অর্থ কোম্পানি থেকে ফেরত প্রদান করা হবে।

### সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা); মূল পাসপোর্ট, পুরনো পাসপোর্ট থাকলে অবশ্যই মূল পাসপোর্ট, ০৩ টি মোবাইল নম্বর, সঙ্গে নিয়ে আসতে হবে; বর্তমানে চাকুরির পরিচয়পত্র/হাজিরা কার্ড; শিক্ষাগত/অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং ভোটার আইডি কপি ও কলম।

তারিখ ও বার	সাক্ষাৎকার/প্রাকটিক্যাল টেস্ট প্রদানের স্থান	সময়
০৫-০৬-২০২৬ খ্রি. শুক্রবার	মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র দাবুস সালাম রোড, মিরপুর, ঢাকা	সকাল ৮:০০ টা

এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫ ও ০২-৫৮৩১১৮৩৮ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।


অনলাইন আবেদনের লিংক: <https://brms.boesl.gov.bd/> বি.দ্র.: অনলাইনে আবেদন ইন্টারভিউ প্রদানের নিশ্চয়তা বহন করে চাকরি প্রাপ্তির নিশ্চয়তা নয়। চাকরির জন্য অবশ্যই আপনাকে ট্রেড টেস্ট/ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।


**(কর্মীদের অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১০০ টাকা আবেদন ফি প্রযোজ্য)**

**কর্মী নির্বাচনে বোয়েসেল এর কোন এজেন্ট বা সাব এজেন্ট নেই**

বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো নগদ অর্থ প্রদান করবেন না (চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-এ কোন ফি প্রদান করতে হয় না এবং সকল ফি ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়)।  
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হয়।

বোয়েসেল কর্তৃপক্ষ

  
০৬/০৬/২০২৬  
এম. এম. শফি কামাল  
পিএস (উপসচিব)

  
০৬/০৬/২৬  
সমর কুমার রনি  
ব্যবস্থাপক  
বোয়েসেল, ঢাকা।

অফিস ঠিকানা

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

৭১-৭২, ইন্সটান গার্ডেন

রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর:

ফোন: +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)

ফ্যাক্স: +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭

ইমেইল: [info@boesl.gov.bd](mailto:info@boesl.gov.bd)